

**2022**  
**BENGALI**  
**[HONOURS]**  
**(CBCS)**  
**(B.A. Second Semester End Examination-2022)**  
**PAPER-CC3**

*Full Marks : 60*

*Time : 03 Hrs*

*The figures in the right hand margin indicate marks  
 Candidates are required to give their answers in their own words as far as  
 practicable  
 Illustrate the answers wherever necessary*

**বিভাগ - ক**

যে কোনো দশটি প্রশ্নের উত্তর দাও :-

$10 \times 2 = 20$

- ১। চর্যাপদের পুঁথিতে মোট কতগুলি পদ আছে ? পদ গুলি মোট কতগুলি  
রাগে রচিত হয়েছে ?
- ২। চর্যাপদে মোট কতজন পদকর্তার নাম পাওয়া যায় ? চর্যাপদের আদি  
পদকর্তার নাম লেখো ।
- ৩। চর্যাপদের টীকার নাম কী ও টীকাকারকে ?
- ৪। চর্যাপদের অন্তর্গত ২৮ সংখ্যক পদটির প্রথম চারটি পঙ্ক্তি উদ্ধৃত  
করো ।
- ৫। “কা আ তরুবর পঞ্চবি ডাল” – পঞ্চবি ডাল বলতে কী বোবানো  
হয়েছে ?

(2)

- ৬। পূর্বরাগ বলতে কি বোবো ? এই পর্যায়ের শ্রেষ্ঠপদকর্তার নাম লেখো ।
- ৭। “পাসরিতে করি মনে / পাসরা না যায় গো” – কে একথা বলেছেন ?  
‘পাসরিতে শব্দটির সমার্থক শব্দ লেখো ।
- ৮। “কী পেখলুঁ নটবর গৌর কিশোর” - কার সম্বন্ধে এই কথা বলা হয়েছে ?  
‘পেখলুঁ’ এবং ‘নটবর’ শব্দের অর্থকী ?
- ৯। অভিসার পর্যায়ের শ্রেষ্ঠ পদকর্তার নাম এবং তাঁর রচিত এই পর্যায়ের একটি পদের প্রথম দুটি চরণ উদ্ধৃত করো ।
- ১০। নিকট প্রবাস ও মাঝুরের মধ্যে তফাত কোথায় ?
- ১১। ‘আগমনী’ বলতে কী বোঝা ?
- ১২। “আপনি রাখিলে রহে আপনার মান” – কে কার সম্বন্ধে এ কথা বলেছেন ?
- ১৩। ‘বিজয়া’ বলতে কি বোঝা ? এই পর্যায়ের একটি পদের প্রথম পংক্তি উদ্ধৃত করো ।
- ১৪। “আপনি হইয়ে হৃত বধরে পরেরি প্রাণ” এই কথাগুলি কে কার উদ্দেশ্যে বলেছেন ?
- ১৫। ‘কবিরঞ্জন’ ও ‘সাধকরঞ্জন’ কোন কবিদের উপাধি ?

### বিভাগ – খ

যে কোনো চারটি প্রশ্নের উত্তর দাও:-

$$4 \times 5 = 20$$

- ১৬। চর্যাপদের প্রথম (১ সংখ্যক) পদটির বাচ্যার্থ ও গৃত্তার্থ সংক্ষেপে আলোচনা করো ।

(3)

- ১৭। “সোনে ভরিতী করঢা নাবী” – পদটির মধ্যে সাধনতত্ত্বের যে প্রকাশ ঘটেছে, তার সংক্ষিপ্ত পরিচয় দাও ।
- ১৮। পঞ্চরসের সাধনা বলতে কী বোবো ?
- ১৯। গৌরচন্দিকা এবং গৌরাঙ্গ বিষয়ক পদের মধ্যে তুলনা করো ।
- ২০। “আজু রজনী হামভাগে পোহায়লুঁ”– পদটি কোন পর্যায়ের অন্তর্গত ?  
এই কথা কেন বলা হয়েছে – সংক্ষেপে আলোচনা করো ।
- ২১। “খলের প্রধান যত কে আছে তোমার মতো” – পদটি কার লেখা, কোন পর্যায়ের অন্তর্গত ? কে, কার সম্বন্ধে, কেন এইকথাগুলি বলেছেন ?
- ২২। “তুমি কি দোষে করিলে আমায়, ছটা কলুর অনুগত” অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো ।

### বিভাগ – গ

যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও:-

$$10 \times 2 = 20$$

- ২৩। চর্যাপদে সমকালীন সমাজ জীবনের যে চিত্র পরিস্ফুট হয়েছে, তা আলোচনা করো ।
- ২৪। তোমাদের পাঠ্যপদ অবলম্বনে পূর্বরাগাক্রান্ত রাধার পরিচয় দাও ।
- ২৫। আগমনী পর্যায়ের পদ অবলম্বনে মেনকার মাতৃহাদয়ের ব্যাকুলতার পরিচয় দাও ।
- ২৬। ‘শাক্তপদাবলীতে স্বর্গ ও মর্ত্যের সেতুবন্ধন ঘটেছে’ - এবিষয়ে তোমার অভিমত ব্যক্ত করো ।